



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং- ওএম/৭৪/ম/১৪- ১৪৫১

তারিখ : ২৬/১১/২০২৩ খ্রি.

**বিষয়:** মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের পূর্ণ নাম ব্যবহার সংক্রান্ত।

- সূত্র: ১। মাউশি অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০১.৯৭.০০১.২১.১৯৭; তারিখ: ২৮/০৯/২০২১ খ্রি.  
২। মাউশি অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৩.৯৯.০২৩.২০.১৯৯; তারিখ: ২৮/০২/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রদফয়ের আলোকে মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের সংক্ষিপ্ত নাম থাকলে তা পরিবর্তনের জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়;

- (১) শিক্ষা প্রতিষ্ঠানের সকল প্র্যাড, মূল গেইটে এবং অন্য যে কোন স্থানে প্রতিষ্ঠানের পূর্ণ নাম লিখতে হবে;
- (২) শিক্ষা প্রতিষ্ঠানের সকল প্র্যাড, মূল গেইটে এবং অন্য যে কোন স্থানে প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাকাল লিখতে হবে;
- (৩) শিক্ষা প্রতিষ্ঠানের পূর্ণ নামাঙ্কিত মূল গেইটের ছবি তুলে প্রেরণ করতে হবে;
- (৪) শিক্ষা প্রতিষ্ঠানের সংক্ষিপ্ত নাম পরিবর্তন করে পূর্ণ নাম করার বিষয়ে ব্যানবেইস, সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড ও মাউশি অধিদপ্তরে আবেদন করে নাম পরিবর্তনের বিষয়টি নিশ্চিত করতে হবে।

লক্ষ্য করা যাচ্ছে যে, এখনও অনেক প্রতিষ্ঠান পূর্ণ নাম ব্যবহারের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা প্রতিপালন করেননি, যা চাকুরিবিধি লঙ্ঘনের সামিল। এক্ষেত্রে আপনার আওতাধীন মাধ্যমিক পর্যায়ের যে সকল শিক্ষা প্রতিষ্ঠান এখনও প্রতিষ্ঠানের পূর্ণ নাম ব্যবহার করছেন না (প্রাতিষ্ঠানিক ও অফিসিয়াল) সে সকল প্রতিষ্ঠানকে আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে উপরোক্ত নির্দেশনা অনুযায়ী প্রতিষ্ঠানের পূর্ণ নাম ব্যবহার করে যথাযথ প্রমাণকসহ মাউশি অধিদপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এ আদেশ জারির পরে প্রতিষ্ঠানের পূর্ণ নাম ব্যবহার না করার বিষয়ে কোন তথ্য প্রমাণ পাওয়া গেলে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার ও প্রতিষ্ঠান প্রধান ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

১। ১৫/১০২৩  
(এস এম জিয়াউল ইস্যদার হেনরী)  
সহকারী পরিচালক (মাধ্যমিক-২)  
২। ৪১০৫০১১৮

জেলা শিক্ষা অফিসার (সকল)

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/প্রশিক্ষণ/পারি: ও উন্ন: /অর্থ ও ক্রয়/মনি: এন্ড ইভাঃ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
- ৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
- ৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল উপজেলা/থানা)  
[পত্রের নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ]
- ৫। সভাপতি,.....
- ৬। অধ্যক্ষ/প্রধান শিক্ষক,.....  
[পত্রের নির্দেশনা বাস্তবায়নপূর্বক প্রমাণকসহ স্ব স্ব জেলা শিক্ষা অফিসে দাখিলের অনুরোধসহ]
- ৭। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৮। সংরক্ষণ নথি